



ডিও পত্র নং-০৫.০৫.০০০০.০০৪.১৩.০২৫.১৭-

তারিখ: আগস্ট ২০১৯ খ্রি:

শ্রীঃ মঞ্জুরুল্লাহ,

আমার শুভেচ্ছা নেবেন। আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারকমূলে আমি নিম্নস্বাক্ষরকারী গত ০৮/০৮/২০১৯ তারিখে মহাপরিচালক হিসেবে বিয়াম ফাউন্ডেশনে যোগদান করি। আপনি হয়তো জানেন যে, বিয়াম ফাউন্ডেশন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেশন সার্ভিস এসোসিয়েশনের আওতায় আমাদের বিসিএস প্রশাসন ক্যাডার পরিবারের নিজস্ব একটি প্রতিষ্ঠান - যা বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমসহ সারাদেশে মানসম্পন্ন শিক্ষা বিস্তারের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের দায়িত্বে আছে। দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় এ পর্যন্ত ৪২টি স্কুল ও কলেজ পরিচালিত হচ্ছে। এর মধ্যে বেশ কয়েকটি প্রতিষ্ঠান ইতোমধ্যে দেশের অন্যতম সেরা বিদ্যাপিঠ হিসেবে পরিচিতি লাভ করেছে। আপনি এও অবগত আছেন যে, এ শিক্ষা প্রতিষ্ঠানগুলো স্থানীয়ভাবে পরিচালিত এবং বিয়াম ফাউন্ডেশনের গাইড লাইন অনুযায়ী জেলা প্রশাসক হিসেবে আপনি পরিচালনা পরিষদের সভাপতি।

তুলনামূলক পর্যালোচনায় বিয়াম ফাউন্ডেশনের আওতায় পরিচালিত কিছু কিছু প্রতিষ্ঠানের শিক্ষার মান পরস্পর তারতম্য বিদ্যমান রয়েছে বলে জানা যায়। আমি মনে করি প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ যেসব ক্ষেত্রে সম্পৃক্ত থাকেন, সেখানে মান নিয়ে প্রশ্ন উঠার সুযোগ নেই। মানসম্মত ও প্রত্যাশিত এবং সুশিক্ষিত নতুন প্রজন্ম তৈরীর মহান দায়িত্ব পালনে সংশ্লিষ্টগণের সজাগ দৃষ্টি আকর্ষণ করছি। এক্ষেত্রে বিদ্যমান ঘাটতি এবং যুগোপযোগী চাহিদা নিরূপনের মাধ্যমে এ থেকে উত্তরণের জন্য এখনই ব্রতী হতে হবে। এ লক্ষ্যে বিয়াম ফাউন্ডেশন আপনাকে সার্বিক সহযোগিতা প্রদান করবে। আপনি জেনে উৎসাহিত হবেন যে, ইতোমধ্যে স্কুলসমূহের তথ্য সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে, সে লক্ষ্যে সংযুক্ত ছক পূরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। শীঘ্রই অটোমেশনের আওতায় বিয়াম স্কুলসমূহের তথ্য ভান্ডার (Database) তৈরী করা হবে। মান সম্মত শিক্ষার জন্য আগামীতে সুবিধামত সময়ে সকল অধ্যক্ষগণকে নিয়ে বিয়াম ফাউন্ডেশনে দিনব্যাপী কর্মশালা করার পরিকল্পনা আছে। আপনার অধীনস্থ প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য ভবিষ্যৎ পরিকল্পনা তৈরী করে কাজ শুরু করার জন্য বিশেষ অনুরোধ করা হল।

পরিশেষে আপনার সুস্বাস্থ্য ও কল্যাণ কামনা করি।

(ড. এম. মিজানুর রহমান)

স্বাক্ষরিত (একম)